

সমাসোক্তি অলংকার।

যে তুলনামূলক অলঙ্কারে উপমেয় (প্রস্তুতের) উপর উপমানের (অপ্রস্তুতের) ব্যবহার আরোপিত হয় এবং উপমান প্রায় অদৃশ্য থাকে তাকে বলে সমাসোক্তি অলঙ্কার।

যেমন :

তটিনী চলেছে অভিসারে

এখানে তটিনী (নদী) উপমেয়র উপরে রাধা উপমানের অভিসারে যাওয়ার ব্যবহার আরোপিত হয়েছে। রাধা উপমানটি উহ্য আছে। তাই এটি সমাসোক্তি অলঙ্কার হয়েছে।

অনুরূপ ভাবে

জগৎ ভ্রমিয়া শেষে

সন্ধ্যার পাশে তপন দাঁড়ালো এসে।

আলোচ্য উদাহরণে তপন (সূর্য) উপমেয়র উপরে মানুষ উপমানের দাঁড়ানো ব্যবহারটি আরোপিত হয়েছে। মানুষ উপমানটি উহ্য আছে। তাই এটি সমাসোক্তি অলঙ্কারের দৃষ্টান্ত।